

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৭.০৩৪.২০১৪-৯৭৫


তারিখ : ২৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।  
১০ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, লালমনিরহাট কার্যালয়ের স্মারক নং-৩৮০, তারিখঃ ৩১/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, দহগ্রাম ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট কর্তৃক ইউনিয়ন পরিষদের দায়িত্বভার গ্রহণের পূর্বেই ক্ষমতার অপব্যবহার করে গরু বিক্রয়ের সার্টিফিকেট প্রদান করেছেন যা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, আপনি জনাব হাবিবুর রহমান, চেয়ারম্যান, দহগ্রাম ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, লালমনিরহাট এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ হাবিবুর রহমান  
চেয়ারম্যান  
দহগ্রাম ইউনিয়ন পরিষদ  
পাটগ্রাম, লালমনিরহাট।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।